ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি,বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd
E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/৪৫৮ তারিখ : ১২-১০-২০২৫ খ্রি.

## সংবাদ বিজ্ঞপ্তি

# আগামীকাল কামিল (মাস্টার্স) পরীক্ষার ফল প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসাসমুহের এক বছর মেয়াদী কামিল (মাস্টার্স) ২০২৩ পরীক্ষার ফলাফল আগামীকাল সোমবার (১৩ অক্টোবর ২০২৫) প্রকাশ করা হবে। সকাল ০৯:১৫ টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ শামছুল আলম ফলাফল প্রকাশ করবেন। দুপুর ২টা হতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.result.iau.edu.bd) ফলাফল পাওয়া যাবে।

এ বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী জানান, শিক্ষার্থীদের সেশনজট নিরসনের লক্ষ্যে মাননীয় ভাইস চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক দিন-রাত এমনকি ছুটির দিনে লাগাতার কাজ করে মাত্র বিশ দিনে এ বছর আমরা ফলাফল প্রকাশ করছি। এবারের পরীক্ষায় সারাদেশের মোট ৪৭ টি কেন্দ্রে ছয়টি বিষয়ে এক বছর মেয়াদী (মাস্টার্স) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বিষয়গুলো হলো আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকাহ এন্ড ইসলামিক স্টাডিজ, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।

প্রসঙ্গত, ইসলামি আরবি বিশ্ববিধ্যালয়ের (ইআবি) অধিভুক্ত মাদরাসাগুলোতে এক বছর মেয়াদি কামিল (মাস্টার্স) পরীক্ষা ১৪ আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ২৪ সেপ্টেম্বর মৌখিক পরীক্ষা শেষ হয়।

পরিচালক
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:
১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

CamScanner